

ঢাকের বোলে সিঁদুর খেলার অপেক্ষা, ১০ বছরে পড়ল UK বর্নমাউথের দুর্গাপূজা



[বিদেশের পূজা](#)

ষষ্ঠী থেকে দশমী, তিথি-নক্ষত্র মেনে দেবী দুর্গার পূজা হয় এখানে



নিজস্ব চিত্র এই সময়

Authored By:

[অভিরূপ দত্ত](#)

Published on:

21 সেপ্টেম্বর 2025, 12:30 am

1 min read

রোহন সেন, বর্নমাউথ, ইউকে

ভরা শরতে বাংলার বাতাসে পূজার গন্ধ লাগে। বাংলার আকাশ দেখেই বোঝা যায় মা আসছেন। গোটা বছর বাঙালি অপেক্ষা করে থাকে দুর্গাপূজার জন্য। আর যাঁরা অন্য মহাদেশে থাকেন? শরতের হাওয়া কি তাঁদের গায়ে লাগে না? তাঁদের মন আনচান করে না?

হ্যাঁ অবশ্যই করে। আর তার জন্যই বিদেশেও মাটিতেই দেবী দুর্গার পূজায় মাতেন প্রবাসী বাঙালিরা। যেমন ইউকে-র বর্নমাউথ। শারদে এখানেও শোনা যায় ঢাকের বোল। আয়োজন করে ডরসেট (Dorset) ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন। তিথি মেনে ২৮ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পূজায় মাতবেন প্রবাসী বাঙালিরা। এ বার ১০ বছরে পড়ল বর্নমাউথের এই দুর্গা পূজা।

বিদেশের মাটিতে সবসময় তিথি-নক্ষত্র মেনে পূজা করা সম্ভব হয় না। ইউকে-তে হাতেগোনা কিছু পূজা সে ভাবে হয়। সেই তালিকায় রয়েছে ডরসেট আয়োজিত বর্নমাউথের পূজা। ষষ্ঠী থেকে দশমী পর্যন্ত নিয়ম মেনে হয় পূজা।

২০১৬ সালে দুর্গা ঠাকুরের ছবি নিয়ে পূজো হয়েছিল। ২০১৭ সালে কলকাতা থেকে নিয়ে আসা হয় ফাইবারগ্লাসের দুর্গামূর্তি। তাতেই হচ্ছে পূজো। তার পর ধীরে ধীরে বড় হয়েছে এই পূজো। এখন শুধু ডরসেট নয়, হ্যাম্পশায়ার এবং আরও নানা জায়গা থেকে এই পূজো দেখতে আসেন দর্শনার্থীরা।

পুষ্পাঞ্জলি থেকে সন্ধি পূজো, ১০৮ প্রদীপ থেকে মহা আরতি সবকিছুই নিয়ম মেনে হয়। গোটা পূজোয় শোনা যায় ঢাকের বোল। বাঙালির সর্বজনীন দুর্গাপূজো সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়া ভাবা যায় না। এখানেও সেই আবহ মেলে। ছোট থেকে বড়, সবার পারফর্ম করার জন্য নানা ধরনের অনুষ্ঠানের আয়োজন করা হয়। নজর রাখা হয় ভোগের দিকেও। পূজোর কয়েকটা দিন থিচুড়ি, লাবরা থেকে বেগুনি, মিষ্টি। সব থাকে পাতে। এ বার ২ অক্টোবর, সিঁদুর খেলা হবে এই পূজোয়। দুর্গাপূজোর সংস্কৃতির সঙ্গে যুক্ত প্রতিটি নিয়ম নিষ্ঠা ভরে পালন করা হয় ডরসেটের পূজোয়।